

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৩২০.২০১৭- ১১১১


তারিখঃ ০২ আগস্ট ২০১৭
১৮ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৯৬০৬/২০১৭, বাদী জনাব প্রফেসর এম.এ মান্নান, পিতা-মৃত- কাশেম উদ্দিন, বাড়ি নং- ৩৯৮ (২নং ফ্লোর), ৬নং লেন, বারিধারা, ঢাকা-১২০৬ এবং নির্বাচিত মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর -বনাম-সরকার ও অন্যান্য।

গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব অধ্যাপক এম. এ. মান্নানকে সাময়িক বরখাস্ত করা সংক্রান্ত এ বিভাগের ০৬/০৭/২০১৭ তারিখের ৪৭৮নং স্মারককে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৯৬০৬/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত উক্ত স্মারকের কার্যকারিতা ৩(তিন) মাসের স্থগিত করতঃ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৪ রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০১৯৭

উপসচিব
সিটি কর্পোরেশন-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অফিস কপি/ মাস্টার কপি।